দৈনিক বাংলা

25/2

তারিখ 27 FEB 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

ভাইস চ্যান্সেলরদের সঙ্গে জরুরী বৈঠক ঃ সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিন — প্রেসিডেন্ট

# ঢাকা ভার্সিটি ঘটনার বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে রোববারের ঘটনা সম্পর্কে বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছেন। খবর বাসস'র।

দুস্কৃতকারী ও সন্ত্রাসবাদীরা যে-ই হোক ও যেখানেই থাকুক, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্যও প্রেসিডেন্ট স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দেন।

বিভিন্ন ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে সরকার ও রাজনৈতিক দলগুলোর প্রতি বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলরদের অনুরোধের প্রেক্ষিতে প্রেসিডেন্ট এই নির্দেশ দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে একজন ছাত্রের মৃত্যু ও এই বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের ওপর হামলার পর ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি আলোচনার জন্য সোমবার রাতে ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কমিটি কক্ষে ভাইস চ্যান্সেলরদের জরুরী বৈঠকে প্রেসিডেন্ট এসব নির্দেশ দেন।

সুপ্রীম কোর্টের একজন বিচারপতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনা সম্পর্কে তদন্ত করবেন।

প্রেসিডেন্ট এরশাদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম এ মান্নানের ওপর হামলার কঠোর নিন্দা করা হয় এবং উল্লেখ করা হয় যে এই ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

উল্লেখ্য, প্রেসিডেন্ট এরশাদ সকল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর।

এই বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে রোববারের ঘটনায় প্রাণহানিতে ও কয়েকজন আহত হওয়ায় গভীর শোক ও উদ্বেগ প্রকাশ করা হয়। বৈঠকে রোববার নিহত ছাত্রের রুহের মাগফেরাত কামনা করা হয়।

এ বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী মাহমুদুল হাসান, শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইস-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)